



বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন

BANGLADESH NGO FOUNDATION

স্মারক নং-বিএনএফ/প্রশাঃ/সেঃওঃকঃমঃ/৩০/১৭/৫৩

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০১৮
২৩ মাঘ ১৪২৪

কোটেশন বিজ্ঞপ্তি

নিম্নোক্ত স্পেসিফিকেশন অনুযায়ী বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের দুটি গবেষণা প্রতিবেদন বই আকারে ছাপানো হবে। মুদ্রণে অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত ছাপাখানা মালিকদের নিকট হতে নিজ প্রতিষ্ঠানের প্যাডে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও সীলসহ কোটেশন আহবান করা যাচ্ছে।

কাজের বিবরণ	স্পেসিফিকেশন	পরিমাণ
গবেষণা প্রতিবেদন-১ The Sustainability of BNF Partner Organizations (POs) for Socio-economic Development of Bangladesh	ক) আকারঃ ১০.৯০" X ৮.২৫" খ) পৃষ্ঠাঃ মোট ৭৮ (আটাত্তর) পৃষ্ঠা (প্রতিটি বই) সকল পৃষ্ঠা ০৪(চার) রং (উভয় পাশে প্রিন্ট) গ) কাগজঃ ১) কভার পেজঃ আর্ট কার্ড (৩০০ জিএসএম) বাইরের পাশ মেট লেমিনেশন এবং স্পট লেমিনেশন। ২) ভিতরের পেজঃ ৮০ জিএসএম অফসেট (দেশী পারটেক্স) ঘ) বাঁধানোঃ গ্লু বাইন্ডিং ঙ) প্রচ্ছদ ও ডিজাইনঃ ছাপাখানা প্রতিষ্ঠানকে ডিজাইন করতে হবে এবং প্রচ্ছদ সরবরাহ করতে হবে।	২০০টি (দুইশত)
গবেষণা প্রতিবেদন-২ Dynamics of Benefits to individuals through BNF support to Partner Organizations	ক) আকারঃ ১০.৯০" X ৮.২৫" খ) পৃষ্ঠাঃ মোট ১২০(একশত বিশ) পৃষ্ঠা (প্রতিটি বই) সকল পৃষ্ঠা ০৪(চার) রং (উভয় পাশে প্রিন্ট) গ) কাগজঃ ১) কভার পেজঃ আর্ট কার্ড (৩০০ জিএসএম) বাইরের পাশ মেট লেমিনেশন এবং স্পট লেমিনেশন। ২) ভিতরের পেজঃ ৮০ জিএসএম অফসেট (দেশী পারটেক্স) ঘ) বাঁধানোঃ গ্লু বাইন্ডিং ঙ) প্রচ্ছদ ও ডিজাইনঃ ছাপাখানা প্রতিষ্ঠানকে ডিজাইন করতে হবে এবং প্রচ্ছদ সরবরাহ করতে হবে।	২০০টি (দুইশত)

শর্তাবলীঃ

- আগামী ১৪/০২/২০১৮খ্রি: তারিখ দুপুর ২:০০মি. পূর্বে ফাউন্ডেশনের টেন্ডার বক্সে কোটেশন দাখিল করতে হবে এবং একই স্থানে দুপুর ২:৩০মি. দরদাতার উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে।
- কোটেশনের সাথে অবশ্যই নবায়নকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN Certificate, VAT Registration Number ও কাজের অভিজ্ঞতা সনদ এবং কভার পেজ ও ভিতরের পেজের কাগজ নমুনা হিসেবে দাখিল করতে হবে।
- দাখিলকৃত কোটেশনের মধ্যে যে কোটেশন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হবে সে ছাপাখানা প্রতিষ্ঠান কে নিজ খরচে প্রচ্ছদ সরবরাহ করতে হবে। নির্বাচিত প্রচ্ছদ অন্য কোনো বই ছাপাতে ব্যবহার করা যাবে না। ফাউন্ডেশন যে প্রচ্ছদ দ্বারা বার্ষিক প্রতিবেদন ছাপাবে সেই প্রচ্ছদ যদি অন্য কোন বইয়ের প্রচ্ছদের সাথে মিলে যায় তাহলে প্রচ্ছদ সরবরাহকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। প্রচ্ছদ গ্রহণ করা বা না করা কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত থাকবে।
- কার্যাদেশ প্রাপ্তির ০৫ (পাঁচ) দিনের মধ্যে ছাপানো খসড়া কপি অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। খসড়াতে কর্তৃপক্ষ কর্তৃক সংশোধন, সংযোজন বা বিয়োজন করার পর নির্ভুল আকারে বই ছাপাতে হবে। প্রকাশের পর বইয়ে কোনো ভুল-ত্রুটি ধরা পড়লে ভুল সংশোধন করে বই পুনঃমুদ্রণ করতে হবে, তবে তার জন্য কোন অতিরিক্ত মূল্য দাবী করা যাবে না।
- গবেষণা প্রতিবেদন দুটি এ ফাউন্ডেশনে সরবরাহের সময় প্রতিবেদনের লেখাটি পিডিএফ ফরম্যাটে সিডিতে সরবরাহ করতে হবে যাতে ওয়েবসাইটে প্রকাশ করা যায়।
- নমুনা অনুযায়ী গবেষণা প্রতিবেদন সরবরাহ করতে হবে এবং চূড়ান্ত প্রিন্টিং এর পূর্বে অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। নির্দিষ্ট সময়ে শর্ত মোতাবেক সরবরাহ করতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ কোটেশন বাতিল অথবা বিল থেকে জরিমানা কর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।
- বিল দাখিল করার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে এবং ভ্যাট ও আয়কর সহ অন্যান্য কর কর্তন সম্পর্কিত সরকারি বিধি বিধান প্রযোজ্য হবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ সাঈদুল আলম)

ও নির্বাহী অফিসার (প্রশাসন)

ফোনঃ ৯৮৮০২৩০/১০৮

অনুলিপি:

- বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন নোটিশ বোর্ড।
- বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন ওয়েবসাইট।
- সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান